পশ্চিমবঙ্গ সরকার

কুমারগঞ্জ অতিরিক্ত সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করণ

কুমারগঞ্জ, দক্ষিণ দিনাজপুর

বিজ্ঞপ্তি নং - ৩৩৪/আই.সি.ডি.এস.(কুমারগঞ্জ অতিরিক্ত) তারিখ - ০৩/০৭/২০১৫

বিজ্ঞপ্তি

দক্ষিণ দিনাজপুর জেলার কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির সাফানগর, রামকৃষ্ণপুর, ভোঁওড় ও দিওড় এলাকার সকলকে এতদ্বারা জানানো যাইতেছে যে, কুমারগঞ্জ অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ প্রকল্পে, অঙ্গনওয়াড়ী কর্মী/সহায়িকার স্বেচ্ছামূলক পদে নিযুক্তির জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হইতেছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছা সেবামূলক এবং একাজে নিযুক্ত কোন কর্মী / সহায়িকা ভবিষ্যতে কোন মতেই সরকারী কর্মীরূপে গণ্য হইবেন না।

শর্তাবলী

		অঙ্গনওয়াড়ী কর্মী		অঙ্গনওয়াড়ী সহায়িকা	
০১	শূন্যপদ	২৮ (পরিবর্তনশীল)		৫০ (পরিবর্তনশীল)	
০২		অসংরক্ষিত	৭	অসংরক্ষিত	১৪
		অসংরক্ষিত (এক্সামটেড ক্যাটাগরি)	৬	অসংরক্ষিত (এক্সামটেড ক্যাটাগরি)	১০
		অসংরক্ষিত (প্রতিবন্ধী)	১	অসংরক্ষিত (প্রতিবন্ধী)	২
				অসংরক্ষিত (মেধাবী খেলোয়াড়)	১
		তপশিলী জাতি	৫	তপশিলী জাতি	৮
		তপশিলী জাতি(এক্সামটেড ক্যাটাগরি)	২	তপশিলী জাতি (এক্সামটেড ক্যাটাগরি)	৩
		তপশিলী উপজাতি	২	তপশিলী উপজাতি	২
		তপঃ উপজাতি(এক্সামটেড ক্যাটাগরি)	না	তপঃ উপজাতি (এক্সামটেড ক্যাটাগরি)	১
		অন্যান্য অনগ্রসর শ্রেনী - এ	২	অন্যান্য অনগ্রসর শ্রেনী - এ	৩
		অন্যান্য অনগ্রসর শ্রেনী -এ (এক্সামটেড ক্যাটাগরি)	১	অন্যান্য অনগ্রসর শ্রেনী -এ (এক্সামটেড ক্যাটাগরি)	২
		অন্যান্য অনগ্রসর শ্রেনী - বি	১	অন্যান্য অনগ্রসর শ্রেনী - বি	৩
		অন্যান্য অনগ্রসর শ্রেনী - বি (এক্সামটেড ক্যাটাগরি)	১	অন্যান্য অনগ্রসর শ্রেনী - বি (এক্সামটেড ক্যাটাগরি)	১
০৩	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	অনুমোদিত বোর্ড হইতে মাধ্যমিক বা সমতুল্য পাস।		অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেনী পাস।	
০৪	বয়স	০১/০৭/২০১৫ তারিখের নিরিখে ১৮ হইতে ৪৫ বছর		০১/০৭/২০১৫ তারিখের নিরিখে ১৮ হইতে ৪৫ বছর	
০৫	যে শিক্ষাগত যোগ্যতা পদের অনুপযুক্ত	অঙ্গনওয়াড়ী কর্মী পদের জন্য শিক্ষাগত যোগ্যতার কোন উর্দ্ধসীমা নাই।		অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের জন্য শিক্ষাগত যোগ্যতার কোন উর্দ্ধসীমা নাই।	

০৬	কর্মক্ষেত্র ও নিযুক্তি তালিকা	কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির এলাকার সাফানগর, রামকৃষ্ণপুর, ভোঁওড় ও দিওড় গ্রাম পঞ্চায়েত এলাকা	কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির এলাকার সাফানগর, রামকৃষ্ণপুর, ভোঁওড় ও দিওড় গ্রাম পঞ্চায়েত এলাকা
০৭	সাম্মানিক ভাতা প্রতিমাসে (বর্তমানে)	৩০০০ টাকা তৎসহ ১৩৫০ টাকা মাধ্যমিক বা সমতুল্য পাস হইলে।	১৫০০ টাকা। তৎসহ ১৩৫০ টাকা
০৮	প্রশিক্ষণ	নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষণ নেওয়া বাধ্যতা মূলক।	নিয়মানুযায়ী প্রতিতি প্রশিক্ষণ নেওয়া বাধ্যতামূলক।
০৯	বাসিন্দা	কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির এলাকার সাফানগর, রামকৃষ্ণপুর, ভোঁওড় ও দিওড় গ্রাম পঞ্চায়েত এলাকা	কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির এলাকার সাফানগর, রামকৃষ্ণপুর, ভোঁওড় ও দিওড় গ্রাম পঞ্চায়েত এলাকা
১০	পরীক্ষা	লিখিত পরীক্ষা - ৯০ নম্বর মৌখিক পরীক্ষা - ১০ নম্বর	লিখিত পরীক্ষা - ৯০ নম্বর মৌখিক পরীক্ষা - ১০ নম্বর
১১	দরখাস্ত জমা দেবার শেষ তারিখ	৩১/০৭/২০১৫	
১২	দরখাস্ত জমা দেওয়ার উপায় ও নিয়ম।	শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করনে সকাল ১২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত যে কোন কাজের দিন উপযুক্ত রসিদের বিনিময়ে প্রার্থীদের নাম, ঠিকানা ও পদের নাম উল্লেখ করিয়া আঠা দিয়ে সিল করা খামে জমা দিতে হইবে।	
১৩	আবেদন পত্রের নমুনা	আবেদন পত্রের নমুনা অনুযায়ী সাদা কাগজে, স্বহস্তে লিখিত অথবা ছাপানো এবং স্ব-স্বাক্ষরিত আবেদন পত্র জমা দিতে হইবে। আবেদন পত্রের নমুনা এই বিজ্ঞপ্তির সহিত দেওয়া হইল।	
১৪	প্রত্যয়ন	সমস্ত প্রমাণ পত্রের প্রতিলিপি স্ব-স্বাক্ষরিত/স্ব-প্রত্যয়ণ করিতে হইবে। প্রতিলিপিগুলি অবশ্যই পাঠযোগ্য হতে হইবে।	
১৫		আবেদন পত্রের সঙ্গে ৫(পাঁচ) টাকা মূল্যের ডাক টিকিট সাটা এবং নিজের নাম ও ঠিকানা লেখা একটি পৃথক খাম অবশ্যই জমা দিতে হইবে।	
১৬	আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের/ শংসাপত্রের প্রতিলিপি	১. দুটি স্বপ্রত্যয়িত সাম্প্রতিকতম পাসপোর্ট মাপের ছবি (একটি দরখাস্তের সঙ্গে নির্দিষ্ট জায়গায় আঠা দিয়ে আটকাতে হবে, অন্যটি আবেদনপত্রের সঙ্গে পিন দিয়ে আটকাতে হবে। ২. বয়সের প্রমান (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ন হইলে কেবলমাত্র সে পরীক্ষার প্রবেশ পত্র / শংসাপত্র এবং অষ্টম শ্রেনী উত্তীর্ন হইলে কেবলমাত্র সেই শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত শংসাপত্র। ৩. বাসস্থানের প্রমানপত্র (সাংসদ / সভাধিপতি / বিধায়ক / সভাপতি, পঞ্চায়েত সমিতি/ সংশ্লিষ্ট প্রধান / জেলা শাসক / অতিরিক্ত জেলাশাসক / মহকুমা শাসক / সমষ্টি উন্নয়ন আধিকারিক কর্তৃক প্রদত্ত)। ৪. ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার প্রমানপত্র (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষা উত্তীর্ণ হইলে কেবলমাত্র সেই শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত শংসাপত্র)। ৫. তপশিলী জাতি / তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর জাতির ক্ষেত্রে কেবলমাত্র মহকুমা শাসক বা অতিরিক্ত জেলাশাসক বা জেলা শাককের দেয় শংসাপত্রই গ্রাহ্য হইবে।	

১৭	লিখিত পরীক্ষার সিলেবাস মোট নম্বর - ৯০	ক) ১৫০ শব্দের মধ্যে বাংলা ভাষায় একটি রচনা (অষ্টম শ্রেনী মানের) - ১৫ নম্বর খ) পাটিগণিত (অষ্টম শ্রেনী মানের) - ২০ নম্বর গ) পুষ্টি, জনস্বাস্থ্য, সমাজে নারীদের অবস্থান - ১৫ নম্বর ঘ) ইংরাজী ভাষা (ইংরাজী ভাষা সম্পর্কে প্রার্থীর সহজ এবং প্রাথমিক জ্ঞান থাকতে হবে) এবং অষ্টম ও নবম শ্রেনী মানের সহজ বঙ্গানুবাদ - ২০ নম্বর ঙ) সাধারণ জ্ঞান - ২০ নম্বর

বিশেষ দ্রষ্টব্য ঃ

১. এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশুবিকাশ এবং সমাজকল্যান বিভাগের আদেশনামা ২৮৮-এস.ডব্লু তাং-০১/০১/২০০৬, ৩৯৪৫-এস.ডব্লু/তাং-২৯/০৮/২০১২, ৬০০৩-এস.ডব্লু/তাং ১৪/০৯/২০১২, ৩১০৪-এস.ডব্লু/ তাং-১৯/০৯/২০১৩, ৪০৩১-এস.ডব্লু/তাং-২০/১২/২০১৩, ২৬৯৫(১৯)-এস.ডব্লু/তাং-০৮/০৮/২০১৪ এবং ১৫৩১-এস.ডব্লু/তাং-০১/০৪/২০১৫ প্রযোজ্য।

২. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে পঃ বঃ মঃ শিঃ পর্ষদ, পঃ বঃ মাদ্রাসা বোর্ড এবং পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদিত রবীন্দ্র মুক্ত বিদ্যালয় ছাড়া শুধুমাত্র ন্যাশনাল ইন্সটিটিউট অফ্ স্কুলিং (এন.আই. অফ্ ওপেন স্কুলিং) এর ওয়েবাইট www.niof.ac.in এ প্রাপ্ত স্বীকৃতি বোর্ডগুলির মার্কসীট এবং সার্টিফিকেট শিক্ষাগত যোগ্যতা নির্নয়ের যোগ্য হইবে।

৩. জন্মতারিখ ০১/০৭/১৯৭০ থেকে ০১/০৭/১৯৯৭ এর মধ্যে হইতে হইবে।

৪. এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ যে কোন কাজের দি বেলা ১২টা হইতে বিকাল ৪টা পর্যন্ত কুমারগঞ্জ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করনে পাওয়া যাইবে।

৫. কোন তথ্য ভুল বা অসংগতপূর্ণ হলে বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করিলে আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং এই বিষয়ে কোন কারন দর্শানো হইবে না।

৬. শুধুমাত্র নির্ভুল ও সঠিক আবেদন পত্রের ভিত্তিতে পরীক্ষার প্রবেশ পত্র পাওয়া যাইবে।

৭. আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলিয়া বিবেচিত হইবে এবং সে ক্ষেত্রে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮. জমা আবেদন পত্রে কোন পরিবর্তনের অনুরোধ বিবেচিত হইবে না।

৯. পরীক্ষায় উপস্থিত বইবার জন্য গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাইবে না।

১০. ডাকযোগে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

১১. অবশ্যই আঠা দিয়ে খামের মুখ বন্ধ করিতে হইবে। খোলা খাম বাতিল বলিয়া গন্য হইবে। মুখবন্ধ করা খামের উপরে লিখিতে হইবে আবেদিত পদের নাম - অঙ্গনওয়াড়ী কর্মী / অঙ্গনওয়াড়ী সহায়িকা এবং খামের বাম দিকে লিখিতে হইবে হইতে আবেদনকারীর নাম, পূর্ণ স্থায়ী ঠিকানা, গ্রাম পঞ্চায়েতের নাম এবং ডানদিকে লিখিতে হইবে প্রতি, শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কুমারগঞ্জ অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, দক্ষিণ দিনাজপুর।

Sd-

শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক
কুমারগঞ্জ অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

পত্রাঙ্ক ঃ ৩৩৪/১(১৮)/আই.সি.ডি.এস. (কুমারগঞ্জ অতিরিক্ত) তারিখ - ০৩/০৭/২০১৫

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষটি কার্যালয়ের নোটিশবোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ প্রেরন করা হইল।

১. যুগ্ম সচিব, নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, মহাকরন, কলকাতা - ৭০০০০১
২. সমাজকল্যাণ অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার, জুভেনাইল কোর্ট বিল্ডিং, সল্টলেক, কলকাতা - ৭০০০৬৪
৩. তথ্য ও সম্প্রচার অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার, কলকাতা - ৭০০০০১, সংবাদপত্র প্রকাশের অনুরোধ সহ।
৪. জেলা প্রকল্প আধিকারিক, নারী ও শিশু বিকাশ ও সমাজ কল্যাণী বিভাগ, দক্ষিণ দিনাজপুর।
৫. জেলা সূচনা বিজ্ঞান আধিকারিক, দক্ষিণ দিনাজপুর, জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
৬. মহকুমা শাসক, বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর।
৭. সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৮. সমষ্টি উন্নয়ন আধিকারিক, কুমারগঞ্জ ব্লক।
৯. সমষ্টি স্বাস্থ্য আধিকারিক, কুমারগঞ্জ গ্রামীন হাসপাতাল।
১০. সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কুমারগঞ্জ।
১১. সহ অধিকর্তা, কৃষি উন্নয়ন, কুমারগঞ্জ।
১২. অবর বিদ্যালয় পরিদর্শক, কুমারগঞ্জ চক্র।
১৩. অবর বিদ্যালয় পরিদর্শক, উত্তর চক্র, কুমারগঞ্জ।
১৪. পোষ্ট মাষ্টার, ডাকঘর, গোপালগঞ্জ।
১৫-১৮) প্রধান .... গ্রাম পঞ্চায়েত।

৩।৭।১৫

শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক
কুমারগঞ্জ অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

আবেদন পত্র

কেবলমাত্র স্ব-হস্তে লিখিত ছাপানো আবেদনপত্র গৃহিত হইবে। অন্যের হস্তদ্বারা লিখিত দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক,
কুমারগঞ্জ অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
দক্ষিণ দিনাজপুর

একটি স্বস্বাক্ষরিত পাসপোর্ট ছবি এখানে সাঁটুন

মহাশয়/মহাশয়া,

আপনার করণ হইতে প্রকাশিত বিজ্ঞপ্তির নং - ৩৩৪/আই.সি.ডি.এস. (কুমারগঞ্জ অতিরিক্ত) তারিখ - ০৩/০৭/২০১৫ অনুযায়ী আমি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ী কর্মী/সহায়িকা পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি। আপনার বিজ্ঞপ্তি অনুযায়ী আমার সকল তথ্য ও বিবরণ বিবেচনার জন্য নিম্নে প্রদত্ত হইল।

১. নাম ....

২. পিতা/মাতা/স্বামীর নাম ....

৩. স্থায়ী ঠিকানা - পিতা/স্বামীর নাম .... গ্রাম ....
ডাকঘর .... জেলা ....
পিন কোড ....

৪. গ্রাম পঞ্চায়েতের নাম ....

৫. জন্ম তারিখ ....

৬. সর্ব্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ....

৭. জাতি - সাধারণ / তপশিলী জাতি / তপশিলী উপজাতি / অন্যান্য অনগ্রসর শ্রেণী (ক্যাটাগরি A / ক্যাটাগরি B)

৮. অন্যান্য যোগ্যতা (যদি থাকে) ....

৯. শারিরীক প্রতিবন্ধী - হ্যাঁ / না (সঠিক ঘরে √ বসাও)
হলে কি ধরনের প্রতিবন্ধী ?

১০. প্রাক্তন কর্মী - হ্যাঁ / না (সঠিক ঘরে √ বসাও)

১১. অন্যান্য বক্তব্য যদি থাকে ....

১২. এক্সামটেড ক্যাটাগরি - হ্যাঁ / না (সঠিক ঘরে √ বসাও)

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে আপনার করণ হইতে প্রকাশিত বিজ্ঞপ্তি নং - ৩৩৪/আই.সি.ডি.এস. (কুমারগঞ্জ অতিরিক্ত) তারিখ - ০৩/০৭/২০১৫ পড়িয়া ও অনুধাবন করিয়া সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি। উপরোক্ত সকল তথ্য ০৩/০৭/২০১৫ তারিখের নিরিখে আমার জ্ঞানত সম্পূর্ণ ও সর্বৈব সত্য। কোন ভুল বা অসংগত তথ্য দেওয়ার দায় সম্পূর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদন পত্র বাতিল হইলে বা আমার নিযুক্তি প্রত্যাহত হইলে বা অন্যান্য সরকারী আইন মোতাবেক আমার বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত হইলে আমার কোন আপত্তি থাকিবে না।

ইতি -
আবেদনকারীর স্বাক্ষর